D.C.R.B (Tml)

# FIRST INFORMATION REPORT

529

W.B.P.Form-No. 27

First Information of a cognizable crime reported under section 154 Cr. P. C. at P.S.

1. District ... Sub- Divn. Haldia ... P.S. Nandigram Year 2017 FIR NO 179 Date 19-05-2017
2. i) Act IPC ... Section 447/323/ ii) Act 354/379/506/34 Sections ...
2. ii) Act ... Section ... iv) Other Act & Sections ...
3. a) General Diary Reference : Entry No 1038 ... Time 16.35h
   b) Occarrence of Offence : Day [illegible] Date 14-4-17 Time 10.00h
   c) Information received Date 19-05-2017 Time 16.35hrs
   G.D. No. 1038 ... at the Police Station :
4. Type of Information. Written / Oral
5. Place of Occurrence a) Direction and Distrance from P. S. approx- 3km, South
   b) Address village- Dhanyakhola PS Nandigram Dist Purba Medinipur, JL No 207, Mouza - 7, Block Nandigram-1
   c) In cash outside limit of this Police Station, then the name of P.S. ...
   District ...
6. Complaint /Informant :
   a) Name Laxmi Maity
   b) Father's / Husband's Name Santosh Maity
   c) Date/Year of Birth Not noted
   d) Nationality Indian
   e) Address village - Dhanyakhola PS Nandigram Dist Purba Medinipur
7. Detaiuls Known/Suspected/Unknown/Accused with full particulars (1) Rabindranath Maity
   (Attach separate sheet, if necessary) (2) Sabi Maity both S/O Lt Jati Maity (3)
8. Reasons for dealy in reporting by the Complaint/Informant ... Prabir Maity S/O Rabindranath Maity (4) Bapi Das S/O not noted all village Dhanyakhola PS Nandigram Dist Purba Med
9. Particular of properties stolen / involved ; (Attach separete sheet, if required) : also (5) Bhudeb Singh S/O Rabi Singh (6) Chandan Singh S/O Sudeb Singh (7) Sambhu Sit S/O Bhuda Sit all village - Mohammadpur PS Nandigram Dist Purba Medinipur
10. Total value of Properties stolen / Involved : ...
11. Inquest report / U.D. : Case No. if any : ...
12. FIR Contents : (Attach separate sheets, if required) : The original court complaint which is treated as FIR is attach herewith
13. Action taken : Since the above report reveals commission of offence (s) u/s 447/323/354/379/506/34 IPC

register the case and took up the investigation/directed ASI Anirudha Chakraborty to take up the investigation transferred to P. S. ... on point of jurisdiction FIR read over to the Complainant / informant, admitted to be correctly recorded and given to the Complainant/Informant free of cost.

[signature] 19/05/17

Court Complant

Signature / Thumb Impression of the Complainant /Informant

DR-3610(4)

Signature of the Office-in-charge, Police Station with
Name KAJAL DUTTA
Rank SI of Police, Nandigram PS
Number, if any 19-05-2017

Officer-in-charge
NANDIGRAM POLICE STATION
Purba Medinipur

FIR

M.P-76/17

## In the Court of L.d. A.C.J.M. at Haldia Purba Medinipur
## Case No- MP 76/2017

| বাদী | আসামীগণ | স্বাক্ষীগণ |
| --- | --- | --- |
| লক্ষী মাইতি | ১) রবীন্দ্রনাথ মাইতি | ১) সন্তোষ মাইতি |
| স্বামী - সন্তোষ মাইতি | ২) সলীল মাইতি | পিতা - ॱ যতীন্দ্রনাথ মাইতি |
| গ্রাম - ধান্যখোলা | উভয়ের পিতা - ॱ জ্যোতি মাইতি | ২) নারায়ণ মাইতি |
| পোঃ + থানা - নন্দীগ্রাম | ৩) প্রবীর মাইতি | ৩) গোপাল মাইতি |
| জেলা - পূর্ব মেদিনীপুর | পিতা - রবীন্দ্রনাথ মাইতি | উভয়ের পিতা - সন্তোষ মাইতি |
| | ৪) বাদল দাস | ৪) দুলা মাইতি |
| | পিতা - অজানা | স্বামী - গোপাল মাইতি |
| | গ্রাম - ধান্যখোলা | গ্রাম - ধান্যখোলা |
| | পোঃ + থানা - নন্দীগ্রাম | পোঃ + থানা - নন্দীগ্রাম |
| | জেলা - পূর্ব মেদিনীপুর | জেলা - পূর্ব মেদিনীপুর |
| | ৫) বুদ্ধদেব সিং | ৫) ও.সি. নন্দীগ্রাম থানা ও |
| | পিতা - রবি সিং | আরও অনেকে |
| | ৬) চন্দন সিং | |
| | পিতা - স্বদেশ সিং | |
| | ৭) শম্ভু শীট | |
| | পিতা - বুধা শীট | |
| | সর্ব্বসাং - মহম্মদপুর | |
| | পোঃ - রামপুর | |
| | থানা - নন্দীগ্রাম | |
| | জেলা - পূর্ব মেদিনীপুর | |

C/S M.P. 100/17

Received on 19-5-17 at 16:35h and started Nandigram PS case no 179/17 dt 19-05-2017 u/s 447/323/354/379/506/34 IPC

19/05/17
Officer in-charge
Nandigram Police Station
Purba Medinipur

**ঘটনার তারিখ ও সময় ঃ- ইং ১৪/০৪/২০১৭ তারিখ শুক্রবার সকাল ১০ টা প্রায়।**

বিনীত নিবেদন এই যে, আসামীগন অত্যন্ত, দুর্দান্ত, দুষ্ট প্রকৃতির, দাঙ্গাবাজ ও কুচক্রী প্রকৃতির ব্যক্তিগণ হইতেছে। আসামীগণ অধীনের পরিবারবর্গকে গ্রাম ছাড়া করিবার জন্য দীর্ঘ্যদিন বিভিন্ন ভাবে প্রয়াস চালাইয়া আসিতেছে।

হুজুর আদালতের এলাকাধীন নন্দীগ্রাম থানার অন্তর্গত ধান্যখোলা মৌজাস্থিত ৫৭৮ দাগে ৩৫ ডেঃ এর মধ্যে ০৬ ডেঃ পরিমিত ভূমি অধীনার ও স্বামীর নামিত সম্পত্তি হইতেছে । উক্ত সম্পত্তি নির্দিষ্ট সীমাচিহ্নে চিহ্নিত রহিয়াছে। উক্ত সম্পতিতে আসামীগণে স্বত্ব দখল রহিয়াছে। উক্ত সম্পত্তি আসামীগণের সহিত কোন পার্টিশান

(২)

FILED 27 APR 2017 Court of Addl. Chief Judicial Magistrate, Haldia, Purba Medinipur

হয় নাই। আসামীগণ অধীনগণের বিনা অনুমতিতে অধীনগণকে অযথা হয়রানি ও জব্দ করিবার উদ্দেশ্যে বেআইনি ভাবে নতুন পাকাগৃহ নির্মান করিবার জন্য হুমকি দেওয়ার অধীন আসামীগণের বিরুদ্ধে হলদিয়া সিভিল জার্জ সিনিয়র ডিভিশন আদালতে T.S. 58/2017 নং মামলা আনয়ন করি। হলদিয়া সিভিল জার্জ সিনিয়র ডিভিশন আদালত উক্ত মামলায় উভয়পক্ষের বিরুদ্ধে direced to maintain Status quo in respect of nature, charactor & possessior এর আদেশ দিয়াছেন। উক্ত মামলায় বিবাদীগন নোটিশপ্রাপ্ত হইয়াছেন তা স্বত্বেও হুজুর আদালতের আদেশ অমান্য করিয়া ঘটনার তারিখ ও সময়ে উক্ত ভূমিতে মাটি খনন করিয়া ইঁট, বালি, রড,সিমেন্ট, চিপস্ প্রভৃতি জড় করিয়া নতুন পাকা গৃহ নিমান করিতে থাকে।

অধীনা ঘটনার তারিখ ও সময়ে আসামীগণের উক্তরূপ আচরণের কারণ জিজ্ঞাসা করিলে আসামীগণ অধীনাকে কুৎসিত ভাষায় গালিগালাজ করত অধীনাকে যে যাহার মতো কিল, চড়, ঘুসি ও লাথি মারে এবং আসামীগণ অধীনাকে প্রাণে মারার উদ্দেশ্যে মাটিতে ফেলিয়া দিয়া গলা টিপিয়া শ্বাসরোধ করিয়া রাখে। সঙ্গে সঙ্গে সমূহ আসামীগণ অধীনার পরণের শাড়ী টানিয়া খুলিয়া দিয়া সম্মানহানি করিবার চেষ্টা করে, ফলে অধীনা সমাজে লজ্জিত ও অপমানিত বোধ করি।অধীনার চিৎকারে অধীনার স্বামী অর্থাৎ ১ নং সাক্ষী আসিয়া আসামীগণের উক্তরূপ আচরণের কারণ জিজ্ঞাসা করিলে আসামীগণ ১ নং সাক্ষীকে যে যাহার মতো কিল, চড়, ঘুসি ও লাথি মারে এবং আসামীগণ ১ নং সাক্ষীকে প্রাণে মারার উদ্দেশ্যে মাটিতে ফেলিয়া দিয়া গলা টিপিয়া শ্বাসরোধ করিয়া রাখে। এবং আসামীগণ ১ নং সাক্ষীর কাছে থাকা ৬,৮০০/- (ছয় হাজার আট শত) টাকা যে যাহার মতো লইয়া আত্মশাৎ করে। অধীনগণের চিৎকারে পাশাপাশি লোকজন আসিয়া প্রতিবাদ করিলে আসামীগণ প্রাণহানির হুমকি দিয়া ঘটনাস্থল ত্যাগ করে।

ঘটনার অব্যবহিত পরে ঘটনার বিষয়ে গ্রাম্য হিতৈষী ব্যক্তিগণকে জানাই এবং নন্দীগ্রাম থানায় জানাই। যাহার ডায়েরী নং - ৫৬৩, তারিখ- ১৪/০৪/২০১৭। গ্রাম্য হিতৈষী ব্যক্তিগণ মিমাংসার চেষ্টা করিয়া ব্যর্থ হইয়াছেন এবং থানা হইতে কোন মামলা রুজু হয় নাই।

অধীন ঘটনার বিষয়ে গত ইং ১৭/০৪/২০১৭ তারিখ ডাকযোগে এস.পি. পূর্ব মেদিনীপুরকে জানাইয়াছি।

উক্তরূপ মারের ফলে অধীনের এবং ১ নং সাক্ষীর শরীরের বিভিন্ন স্থানে ব্যাথা, বেদনা, ফোলা, জখম হইয়াছিল। অধীনগণ স্থানীয় এ্যালোপ্যাথিক ঔষধ দোকান হইতে ঔষধ সেবন করিয়া আরোগ্য লাভ করি।

ঘটনার বিষয়ে যথেষ্ট সাক্ষ্য-প্রমান রহিয়াছে। অপরাপর যাবতীয় বিবরণ পুলিশ তদন্তে প্রকাশ পাইবে।

FIR

প্রার্থনা এই যে, অত্র দৃষ্টে সন্তুষ্ট হইয়া ফৌঃ কাঃ বিধি আইনের ১৫৬(৩) ধারামতে নন্দীগ্রাম থানার ভারপ্রাপ্ত পুলিশ কর্মচারী মহাশয়কে তদন্তের আদেশদানে সুবিচার করিতে আজ্ঞা হয়।

নিবেদন

27.04.17